


শাহজাদপুর (সিরাজগঞ্জ) : স্থায়ী ক্যাম্পাস নির্মাণের দাবিতে মিছিল ও জনসংযোগ —সংবাদ

# রবীন্দ্র বিশ্ববিদ্যালয়ের শিক্ষক শিক্ষার্থীদের আন্দোলন অব্যাহত

প্রতিনিধি, শাহজাদপুর (সিরাজগঞ্জ)

সিরাজগঞ্জের শাহজাদপুরে স্থাপিত রবীন্দ্র বিশ্ববিদ্যালয়ের স্থায়ী ক্যাম্পাস নির্মাণে ডিপিপি'র দ্রুত অনুমোদন ও বিসিক বাসস্ট্যান্ডে এসে শেষ হয় । মৌন মিছিল শেষে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক-শিক্ষার্থী, কর্মকর্তা-কর্মচারীরা জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে শাহজাদপুর পৌর সদরের বাজার, দেশাত্মবদক গান, আবৃত্তি ও নাটক উপস্থাপনার মধ্য দিয়ে তাদের দাবি তুলে ধরেন এবং সন্ধ্যায় একই দাবিতে মশাল মিছিল করেন ।

রবীন্দ্র বিশ্ববিদ্যালয়ের সংগীত

পূর্ণ বাস্তবায়নের দাবিতে লাগাতার আন্দোলনের ষষ্ঠ দিনে গত বৃহস্পতিবার বিশ্ববিদ্যালয়ের শিক্ষক-শিক্ষার্থী ও কর্মকর্তা-কর্মচারীরা বগুড়া-নগরবাড়ি মহাসড়কে মৌন মিছিল এবং গণসংযোগ করেছেন । এদিন সকাল ১০ টায় রবীন্দ্র বিশ্ববিদ্যালয়ের অস্থায়ী অ্যাকাডেমিক ভবন-২ থেকে শুরু হয়ে মৌন মিছিলটি বগুড়া-নগরবাড়ি মহাসড়কে প্রদক্ষিণ করে।

মিছিলটি একাডেমিকভবন- ১ সংলগ্ন বগুড়া-নগর বাড়ি মহাসড়কের বিসিক বাসস্ট্যান্ড, বাঘাবাড়ি নৌবন্দর, দিলরুবা বাসস্ট্যান্ডসহ বিভিন্ন স্থানে জনসংযোগ করেন । সকাল সাড়ে ১১ শিক্ষার্থীরা বিশ্ববিদ্যালয়ের অস্থায়ী অ্যাকাডেমিক ভবন- ৩ এর সামনে বগুড়া-নগরবাড়ি মহাসড়ক অবরোধ করে তাদের দাবির স্বপক্ষে বক্তব্য রাখেন। এর আগে গত বুধবার বগুড়া-নগরবাড়ি মহাসড়ক অবরোধ করে শিক্ষক-শিক্ষার্থীরা প্রতিবাদী সাংস্কৃতিক অনুষ্ঠান করেন।

সাংস্কৃতিক অনুষ্ঠানে প্রতিবাদী বিভাগের চেয়ারম্যান ইয়াত সিং শুভ জানান, প্রতিষ্ঠার ৯ বছর পেরিয়ে গেলেও রবীন্দ্র বিশ্ববিদ্যালয়ের স্থায়ী ক্যাম্পাস নির্মাণে সরকারিভাবে একটি টাকাও বরাদ্দ দেয়া হয়নি। এমনকি স্থায়ী ক্যাম্পাস নির্মাণে ডিপিপি ৭ বার সংশোধন করে সর্বশেষ ৫১৯ কোটি ১৫ লাখ টাকার প্রকল্প প্রস্তাব মন্ত্রণালয়ে জমা দেওয়া হয়। শিক্ষা মন্ত্রণালয় তা অনুমোদন করে পরিকল্পনা মন্ত্রণালয় পাঠালেও অদৃশ্য কারণে একনেকের সভায় ওই ডিপিপি অনুমোদন দেয়া হচ্ছে না।